

স্কুল ছুটি। তাই বন্ধুদের সঙ্গে চলছে আড্ডা। সোমবার মালবাজারে অ্যানি মিত্রের তোলা ছবি।

# ফের ভাইরাল তোলাবাজি

## ডাম্পারচালকদের থেকে হাত বাড়িয়ে টাকা নিচ্ছেন হোমগার্ড

**সপ্তর্ষি সরকার**

**ক্রান্তি, ১৯ মে :** সম্প্রতি জেলার দুই জায়গায় কোতোয়ালি এবং ধূপগুড়ি থানা এলাকার দুটি আলাদা ঘটনায় তোলা তুলতে গিয়ে বিভাগীয় শাস্তির মুখে পড়েছে এক সিভিক ভলান্টিয়ার ও এক পুলিশকর্মী। জেলায় রয়েছেন রাজ্যের পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী। তারপরেও রাজপথে পুলিশের তোলাবাজিতে ছেদ পড়েনি বলেই অভিযোগ উঠেছে নেট দুনিয়ায় ভাইরাল এক ভিডিওকে কেন্দ্র করে।

রবিবার রাত থেকে ভাইরাল ওই ভিডিওটি (যদিও এর সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ) ক্রান্তি ফাঁড়ি সংলগ্ন ক্যানাল রোডের। ভিডিওয় দেখা যাচ্ছে রাতের অন্ধকারে রোডে চলা ভারী ডাম্পার দাঁড় করিয়ে এগিয়ে যাচ্ছেন ক্যামোফ্লাজ প্যান্ট, সাদা টি-শার্ট এবং মাথায় টুপি পরা এক ব্যক্তি। টর্চের আলোয় ইশারা করে ডাম্পার দাঁড় করাচ্ছেন সেই ব্যক্তি। এরপর ডাম্পারচালক জানলা দিয়ে হাত বের করেছেন এবং নীচে দাঁড়ানো ওই ব্যক্তি হাত তুলে তার থেকে কিছু নিচ্ছেন। একে একে এভাবেই পাড় হচ্ছে একের পর এক ডাম্পার। সেই ডাম্পারে কী রয়েছে তা নির্দিষ্টভাবে জানা না গেলেও অভিযোগ রাতের অন্ধকারে বালি পাচারের সময় ওভারলোডেড ডাম্পার থেকে তোলা আদায় করছিলেন ক্যামোফ্লাজ প্যান্ট পরা পুলিশকর্মী। স্থানীয় মানুষের দাবি অনুযায়ী, ডাম্পারচালকদের থেকে হাত বাড়িয়ে কিছু নেওয়া ওই ব্যক্তি ক্রান্তি ফাঁড়িতে কর্মরত এক হোমগার্ড। পথচলতি কোনও মানুষের মোবাইলবন্দি রাতের বেলার ওই ভিডিওতে 'পিসি পার্টি'র কথাও শোনা যায়। এই ঘটনায় পুলিশ ও শাসকদলের যোগ থাকার অভিযোগ তুলে ক্রান্তির বাসিন্দা তথা বিজেপির মহিলা মোর্চার জেলা সভানেত্রী দীপা বণিক বলেন, 'ওই পথে তোলাবাজি থেকে আদায় হওয়া বিপুল পরিমাণ টাকা পুলিশ এবং তৃণমূলের নেতাদের পকেটে ঢুকছে। এভাবে টাকা তুলে নেতাদের জোগান দেওয়ায় বছরের পর বছর ট্রাফিক ওসির বদলি হয় না।



এভাবেই তোলা হচ্ছে টাকা।

এটাকে বলা যায় পুলিশ ও তৃণমূলের তোলাবাজির জয়েন্ট ভেঞ্চার।'

ক্যানাল রোড হয়ে গজলডোবাগামী পথ বন্ধ থাকলেও ওদলাবাড়ি থেকে আসা ডাম্পারগুলো ক্রান্তি ফাঁড়ি হয়ে ওই পথেই যাতায়াত করে। তবে ভাইরাল ভিডিওটি কবে রেকর্ড করা তা নিয়ে নির্দিষ্ট কোনও তথ্য মেলেনি। অতি সম্প্রতি ক্রান্তি ফাঁড়ির ওসির দায়িত্ব নেওয়া কুশাং টি লেপচা বলেন, 'একেবারেই ক'দিন হল দায়িত্ব নিয়েছি। আমার সময়কালে এমন কোনও ঘটনা ঘটেছে বলে জানা নেই।'

জেলা পুলিশ সুপারও ভিডিওটি কবে কোথায় রেকর্ড করা সে ব্যাপারে নিশ্চিত না হওয়ায় এনিয়ে মন্তব্য করতে চাননি। তবে পুরো বিষয়টি বিস্তারিত খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন পুলিশ সুপার।

ক্রান্তি ফাঁড়ি এলাকার লাটাগুড়িতে বাড়ি জেলা তৃণমূল সভাপতি মহুয়া গোপের। সেই এলাকাতেই এভাবে পুলিশের বিরুদ্ধে রাজপথে প্রকাশ্যে তোলাবাজির অভিযোগ ওঠায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত এক সপ্তাহে এনিয়ে পরপর তিনবার এমন অভিযোগ ওঠাকেও ভালো চোখে দেখছেন না কেউই। তবে এনিয়ে জেলা তৃণমূল সভাপতির মন্তব্য মেলেনি। মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে নেট দুনিয়ায় ভাইরাল ভিডিও নিয়ে জেলা পুলিশের অন্দরে জোর খোঁজখবর শুরু হয়েছে।

**শিক্ষা হয়নি**

- তোলা তুলতে গিয়ে বিভাগীয় শাস্তির মুখে পড়েছেন এক সিভিক ভলান্টিয়ার ও এক পুলিশকর্মী
- রাজপথে পুলিশের তোলাবাজিতে ছেদ পড়েনি বলে অভিযোগ
- ওভারলোডেড ডাম্পার থেকে তোলা আদায় করছিলেন ক্যামোফ্লাজ প্যান্ট পরা পুলিশকর্মী
- মোবাইলবন্দি রাতের বেলার ওই ভিডিওতে 'পিসি পার্টি'র কথাও শোনা যায়

# দুর্নীতির দায় ঝেড়ে ফেলে স্বপনের চিঠি

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ১৯ মে :** উচ্চ আদালতে বারবার মুখ পুড়েছে মালবাজার পুরসভার। কাজ করে বকেয়া টাকা না পাওয়ার কারণে একাধিক ঠিকাদারকে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে হয়েছে। প্রতিবারই পুরসভার বিপক্ষে রায় গিয়েছে।

বর্তমানে কয়েক লক্ষ টাকা বকেয়া রয়েছে শিলিগুড়ির শিবরতন আগরওয়াল ও আকাশ মুসাদ্দি নামে দুই ঠিকাদারের। তাঁদের পাওনা মেটানোর দাবি জানিয়ে পুরসভার বর্তমান চেয়ারম্যানকে চিঠি দিলেন প্রাক্তন চেয়ারম্যান স্বপন সাহা। মে মাসের পাঁচ তারিখে ওই চিঠি দেওয়া হয়েছিল।

চিঠিতে স্বপন উল্লেখ করেছেন, তিনি চেয়ারম্যান থাকাকালীন পুরসভায় আর্থিক সমস্যা চলছিল। তাই তিনি সেই সমস্ত বিল মেটাতে পারেননি। তবে এখন পুরসভায় যথেষ্ট পরিমাণে তহবিল রয়েছে। তাই নতুন চেয়ারম্যানের উচিত ওই বিলগুলো মিটিয়ে দেওয়া।

যদিও এবিষয়ে বর্তমান চেয়ারম্যান উৎপল ভাদুড়ি বলেন, 'আমরা এখন থেকে আইন মেনে চলব। আদালত যা নির্দেশ দেবে সেটাই পালন করব। অন্য কারও কথা শুনব না।'

২০২৩ সালে পুরসভার একটি কাজের টেন্ডার পান শিলিগুড়ির ঠিকাদার আকাশ মুসাদ্দি। নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত কাজ শেষ করেছিলেন আকাশ। তৎকালীন চেয়ারম্যান স্বপন সাহা ওই কাজ বুঝে নিলেও এক কোটি ১৫ লক্ষ টাকার বিল মেটাননি বলে অভিযোগ করেন আকাশ।

ওই অভিযোগের ভিত্তিতে এপ্রিলের ২১ তারিখ কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি অমৃতা সিনহার এজলাসে মামলাটি দায়ের হয়। ২৮ এপ্রিল বিচারপতি নির্দেশ দেন বারো সপ্তাহের মধ্যে ঠিকাদারের বকেয়া বিল মিটিয়ে দিতে হবে পুরসভাকে।

আকাশের বক্তব্য, 'গত বছর ডিসেম্বর মাসের প্রথমে আমাকে বিল দেওয়ার অছিলায় মালবাজারে ডেকে পাঠান তৎকালীন চেয়ারম্যান। মাল নদীর তীরে এব্যাপারে তাঁর সঙ্গে বাদানুবাদ হয়। তখন স্বপন তাঁর দলবল নিয়ে আমার ওপর হামলা করেন।'

অপরদিকে, বুধবার ছিল শিবরতন আগরওয়াল ও মাল পুরসভার একটি মামলার শুনানি। কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি বিশ্বজিৎ বসুর বেঞ্চে শুনানি হয়।

শিলিগুড়ির এক ঠিকাদার শিবরতন আগরওয়াল তাঁর বকেয়া মেটানোর দাবি জানিয়ে আদালতের দ্বারস্থ হন। ৫০ লক্ষ ৭৫ হাজার টাকার কাজ করে তিনি ৪৫ লক্ষ টাকা বিল পেয়েছিলেন। বাকি পাঁচ লক্ষ ৭৫ হাজার টাকা দীর্ঘদিন ধরে বকেয়া রয়েছে।

সরকারপক্ষের আইনজীবী আদালতে জানিয়েছেন, প্রাক্তন চেয়ারম্যান স্বপন সাহার আমলে এমন অনেক কাজ হয়েছে যেগুলির নথি পুরসভায় নেই। পাশাপাশি বকেয়া বিলের সমস্যা কীভাবে সমাধান করা যায় তা নিয়ে মামলাকারীর সঙ্গে প্রশাসনিক কর্মকর্তাদের একটি আলোচনা করার নির্দেশ দিয়েছে আদালত।

তবে শাসকদলের কাউন্সিলারদের অনেকে মনে করছেন, ওই সমস্ত মামলার দায় থেকে নিজেকে সরিয়ে নিতে পুরসভায় চিঠি দিয়েছেন স্বপন। যদিও আদালত তাঁকে মামলা থেকে রেহাই দেয়নি।

এবিষয়ে মামলাকারীর আইনজীবী সুমন শিকদার বলেন, 'স্বপনের ওই চিঠি তাঁর পরাজয়ের প্রমাণ। দুর্নীতি করে এখন সমস্ত দায় বর্তমান চেয়ারম্যানের ঘাড়ে ফেলতে চাইছেন।'

বিজেপির মাল বিধানসভার আহ্বায়ক রাকেশ নন্দী বলেন, 'প্রাক্তন চেয়ারম্যান দুধের মালাই খেয়ে এখন মুখ মুছে পালাতে চেষ্টা করছেন। দুর্নীতির খাওয়া এত সহজে হজম হবে না।'

**তর্জার নেপথ্যে**

- দুর্নীতির অভিযোগে আদালতে বারবার মুখ পুড়েছে পুরসভার
- দুর্নীতিগুলি হয়েছে স্বপন সাহার আমলে
- ওই দুর্নীতির দায় ঝেড়ে ফেলতে বর্তমান চেয়ারম্যানকে চিঠি দেন স্বপন
- যদিও আদালত তাঁকে মামলা থেকে রেহাই দেয়নি
- ব্যাপারটি নিয়ে কটাক্ষ করেছেন বিরোধীরা



ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে বিজেপি সাংসদ।

## হাসপাতালের পরিকাঠামোয় অসন্তোষ

# কাজের গতি নিয়ে ক্ষোভ জয়ন্তর

**অনুপ সাহা**

**নিউজ ব্যুরো, ১৯ মে :** অমৃত ভারত প্রকল্পে নিউ মাল জংশনের আধুনিকীকরণের কাজের গতি নিয়ে সোমবার উষ্মা প্রকাশ করলেন জলপাইগুড়ির বিজেপি সাংসদ ডাঃ জয়ন্ত রায়। একইসঙ্গে ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালের পরিকাঠামো নিয়েও সরব হলেন।

এদিন রেলের আধিকারিক এবং বাস্তুকারদের নিয়ে নিউ মাল জংশন পরিদর্শন করেন সাংসদ। বাগ্রাকোট এবং ওদলাবাড়ি রেলস্টেশনের পরিকাঠামো সহ নানাদিক খতিয়ে দেখেন। কাজের গতিতে অসন্তোষ প্রকাশ করে সাংসদ রেলের বাস্তুকার সুনীলকুমার কুসুয়া এবং জয়ন্তকুমার শর্মাকে বলেন, 'কাজ করতে যেসব ছোটখাটো সমস্যা হচ্ছে, তার সমাধান করে আগামী ডিসেম্বরের মধ্যে নিউ মাল জংশন স্টেশনের বাকি কাজ শেষ করতে হবে। স্টেশনে একটি মার্কেট কমপ্লেক্স তৈরি করা হবে। যাত্রীদের সুবিধার্থে লিফট চালু হবে।' এছাড়া আলিপুরদুয়ার জংশন থেকে আরেকটি শিলিগুড়িগামী যাত্রীবাহী ট্রেন সকালের দিকে চালু করা যায় কি না সেবিষয়ে রেল আধিকারিকদের সঙ্গে কথা বলবেন বলে জানিয়েছেন সাংসদ।

২০২৪ সালের গোড়ায় অমৃত ভারত প্রকল্পে নিউ মাল জংশন স্টেশনের আধুনিকীকরণের কাজ আরম্ভ হয়। এক বছর পেরিয়ে গেলেও কাজ অত্যন্ত ধীরগতিতে চলছে। চলতি বছরের ডিসেম্বরের নির্ধারিত সময়ে বাকি কাজ আদৌ শেষ হবে কি না, তা নিয়ে নানা মহল থেকে ইতিমধ্যে সংশয় প্রকাশ করা হয়েছে।

এদিন বিজেপির সাংসদের পরিদর্শনকে কটাক্ষ করে মাল টাউন তৃণমূল কংগ্রেসের সভাপতি অমিত দে বলেন, 'দীর্ঘদিন ধরে নিউ মাল স্টেশনের ডিসপ্লে বোর্ড অকেজো। যাত্রীদের সমস্যায় পড়তে হচ্ছে। আধুনিকীকরণের কাজের যা গতি তাতে যাত্রী স্বাচ্ছন্দ্য কবে মিলবে তা নিয়ে সংশয় রয়েছে।'

এদিন নিউ মাল জংশনে যাওয়ার আগে ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতাল পরিদর্শন করেন সাংসদ। বিএমওএইচ দীপঙ্কর করের সঙ্গে দেখা করে হাসপাতালের স্বাস্থ্য পরিকাঠামো নিয়ে ক্ষোভপ্রকাশ করেন। এদিন সাংসদ বলেন, 'ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে বিএমওএইচ সহ মোট ৮ জন চিকিৎসক থাকার কথা। এদিকে রয়েছেন মোটে ৫ জন। এঁদের মধ্যে একজন চিকিৎসক কয়েকদিন ধরে গুরুতর অসুস্থ থাকায় কাজ করতে পারছেন না। ফলে অন্য চিকিৎসকদের ওপর কাজের চাপ মাত্রাতিরিক্ত। এই অবস্থায় সুষ্ঠু পরিষেবা কীভাবে মিলবে?'

সাংসদ জানিয়েছেন, ডিজিটাল এক্স-রে টেকনিসিয়ান নিয়োগ করা ছাড়াও ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে ইউএসজি পরিষেবা যাতে চালু করা যায়, এনিয়ে মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সঙ্গে কথা বলবেন।

**সংশয়**

- ২০২৪ সালের গোড়ায় নিউ মাল জংশন স্টেশনের আধুনিকীকরণের কাজ আরম্ভ হয়
- ডিসেম্বরে নির্ধারিত সময়ে বাকি কাজ শেষ হবে কি না এনিয়ে সংশয় রয়েছে
- ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে বিএমওএইচ সহ মোট ৮ জন চিকিৎসক থাকার কথা
- এখন রয়েছেন মোটে ৫ জন চিকিৎসক




### জল্পেশে স্কাইওয়াকের উদ্বোধন

**ময়নাগুড়ি, ১৯ মে :** জল্পেশ মন্দিরে পুণ্যার্থীদের সুবিধার জন্য প্রায় তিন কোটি টাকা ব্যয়ে নির্মিত স্কাইওয়াক পরিকাঠামোর ভার্চুয়াল উদ্বোধন শিলিগুড়ি থেকে করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার এই উপলক্ষ্যে জল্পেশ মন্দিরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বুলু চিকবড়াইক, জলপাইগুড়ির পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত, জেলা পরিষদের সভাধিপতি কৃষ্ণা রায় বর্মন, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ মহুয়া গোপ প্রমুখ।

স্কাইওয়াকটি তৈরি হবার ফলে শ্রাবণীমেলা ও শিবরাত্রির সময় পুণ্যার্থীদের অনেকটাই সুবিধা হবে। স্কাইওয়াক উদ্বোধনের সময় মুখ্যমন্ত্রী বলেন, 'জায়গার সমস্যার জন্য ছোট করে স্কাইওয়াকটি তৈরি করা হয়েছে।' আগামীদিনে জল্পেশ মন্দিরে তিনি আসবেন বলে মুখ্যমন্ত্রী জানান।

# বধূকে ধর্ষণ, গ্রেপ্তার কাকাশ্বশুর

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ১৯ মে :** কাকাশ্বশুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে এক বধূ সরব হলেন। হাতেনাতে ধরা পড়তেই গ্রামবাসীর প্রহারের মুখে পড়ল অভিযুক্ত। শনিবার ধূপগুড়ি ব্লকের মাগুরমারি-২ গ্রাম পঞ্চায়েত এলাকার ঘটনা। সোমবার ওই মহিলা ধূপগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে পুলিশ এদিন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে।

স্থানীয় সূত্রে খবর, চলতি মাসের প্রথম দিকে বাড়িতে কেউ না থাকার সুযোগে অভিযুক্ত ওই মহিলাকে ঘরে টেনে নিয়ে গিয়ে ধর্ষণ করে। ওই বধূর কথায়, 'প্রাণনাশের হুমকি দেওয়ায় পরিবারের কাউকে কিছু জানাইনি।' গত ১৭ তারিখ ফের সে ঝোপের আড়ালে নিয়ে গিয়ে তাঁকে ধর্ষণ করে। তখন ওই মহিলা চিৎকার জুড়ে দেওয়ায় গ্রামবাসীরা ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্তকে হাতেনাতে ধরে ফেলে। এরপর তাকে গণপিটুনি দেওয়া হয়। এদিন ওই মহিলা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযুক্তের স্ত্রী অবশ্য ওই বধূর বিরুদ্ধে পালটা অভিযোগ তুলেছেন। তাঁর দাবি, 'কয়েকমাস আগে ওই বধূ এক লক্ষ টাকা ধার নেয়। সেই টাকা চাইতে গেলে আমার স্বামীকে ষড়যন্ত্র করে মারধর করে মিথ্যা অভিযোগ দায়ের করেছে।' এদিকে, পুলিশ ওই মহিলার ডাক্তারি পরীক্ষার ব্যবস্থা করেছে। ধূপগুড়ি থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে।

### বাগানে সচেতনতা

**নাগরাকাটা, ১৯ মে :** মানুষ-বুনো সংঘাত নিয়ে সোমবার দিনভর মেটেলির তিনটি চা বাগানে সচেতনতা কর্মসূচি চালাল বন দপ্তরের খুনিয়া রেঞ্জ। এদিন ইনগু, মেটেলি ও চুলসা চা বাগানে বনকর্মীরা গিয়ে স্থানীয় শ্রমিকদের সঙ্গে কথা বলেন। মাইকযোগেও প্রচার করা হয়। হাতি, বাইসন, চিতাবাঘের মতো বন্যজন্তুর দেখা মিললে কী করা উচিত, তা শ্রমিকদের বুঝিয়ে বলেন বনকর্মীরা।

মেটেলির বাগানগুলিতে বুনোদের আনাগোনা লেগেই আছে। রবিবার চিলৌনি চা বাগানে একটি বাইসন ঢুকেছিল। দুজন জখমও হন। এর আগে মেটেলি বাগানের মূর্তি ডিভিশনে একটি ভালুককে ঘিরে আতঙ্ক ছড়ায়। বন দপ্তরের বন্যপ্রাণ শাখার খুনিয়ার রেঞ্জ অফিসার সজল দে বলেন, 'মানুষ-বুনোর শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করাই আমাদের লক্ষ্য।'

## কাল হল মাছ ধরতে যাওয়া

# গন্ডারের হানায় মৃত্যু ঠাকুমা-নাতনির

**সমীর দাস**

**হাসিমারা, ১৯ মে :** সোমবার দুপুরে নদীতে মাছ ধরতে গিয়েছিলেন আপেক রাভা (৬০) ও তাবিতা রাভা (২৫)। দিনেদুপুরে গন্ডারের হামলায় মৃত্যু হল ঠাকুমা ও নাতনির। জলদাপাড়া বন্যপ্রাণ বিভাগের জঙ্গলের বুক চিরে যাওয়া তোর্ষা ও কুলটি নদীর সংযোগস্থলে সেই ঘটনা ঘটেছে। মৃতদের বাড়ি কালচিনি ব্লকের মেন্দাবাড়ি গ্রাম পঞ্চায়েতের কোদালবস্তি গ্রামে।

গন্ডারের হামলায় ঘটনাস্থলেই মৃত্যু হয় বৃদ্ধার। নাতনি তাবিতাকে জখম অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে কালচিনির লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানেই তাঁর মৃত্যু হয়। আপেকের দেহ



উদ্ধার করে হাসিমারা ফাঁড়ির পুলিশ ও তাবিতার দেহ হাসপাতাল থেকে উদ্ধার করে কালচিনি থানার পুলিশ।

বুনোর হামলায় মৃত্যু হলেও তাঁদের পরিবার আদৌ সরকারি ক্ষতিপূরণ পাবেন কি না, সন্দেহ। কারণ বক্সা ব্যাঘ্র-প্রকল্পের ডেপুটি ফিল্ড ডিরেক্টর তথা জলদাপাড়া বন্যপ্রাণ বিভাগের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত ডিএফও হরিকৃষ্ণন পি জে বলেছেন, 'ঘটনাটি খুব দুর্ভাগ্যজনক। তবে যে এলাকায় ঘটনাটি ঘটেছে সেটি সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে পড়ে। সেজন্য মৃতদের পরিবার সরকারি ক্ষতিপূরণ পাবে কি না, তা খতিয়ে দেখা হবে। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।' যদিও ওই গ্রামের বাসিন্দা, অল রাভা স্টুডেন্ট ইউনিয়নের বাসিন্দা ও কোদালবস্তি যৌথ বন পরিচালন কমিটির সহ সভাপতি গবেন রাভা বলেন, 'ওই দুই নদীর সংযোগস্থল এলাকাটি জঙ্গল সংলগ্ন হলেও জঙ্গলের বাইরে। তাই আমরা বন দপ্তরের কাছে সরকারি ক্ষতিপূরণের দাবি জানাব।'

আপেকের বড় ছেলে রাজু রাভার মেয়ে তাবিতা। আপেকের বাড়ি কোদালবস্তির চার্চ লাইনে। আর তাবিতার বিয়ে হয়েছে ওই গ্রামের হোমস্টে লাইনের বাসিন্দা স্বপন রাভার সঙ্গে। স্বপন পুনেতে কাজ করেন। তাবিতার একটি পাঁচ বছরের শিশুকন্যা রয়েছে। আপেকের স্বামী রবিন রাভা কৃষিকাজ করেন। স্ত্রী ও নাতনিকে হারিয়ে তিনি বাকরুদ্ধ।

**মর্মান্তিক**

- ঘটনাস্থলেই মৃত্যু হয় বৃদ্ধা আপেক রাভার
- নাতনি তাবিতা রাভাকে স্থানীয়রা হাসপাতালে নিয়ে গেলেও শেষরক্ষা হয়নি
- বুনোর হামলায় মৃত্যু হলেও ক্ষতিপূরণ পাওয়া নিয়ে সন্দেহ



## সময় হলে সবকিছু স্পষ্ট হবে, দাবি নেতার

# পদ্মেই বারলা-ঘনিষ্ঠরা

**শুভজিৎ দত্ত ও গোপাল মণ্ডল**

**নাগরাকাটা ও বানারহাট, ১৯ মে :** তিনি নিজে এখন পদ্মপুকুর ছেড়ে ঘাসফুলের বাগানে। তবে তাঁর অনুগামী হিসেবে পরিচিত বানারহাটের নেতাদের অবশ্য মঙ্গলবার শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে 'তিরঙ্গা যাত্রা'য় পা মেলাতে দেখা গেল। বারলার ডেরায় আয়োজিত এদিনের কর্মসূচিতে তাঁর অনুগামীরা কী করেন, সেদিকেই চোখ ছিল ডুয়ার্সের রাজনৈতিক মহলের।



*লক্ষ্মীপাড়া চা বাগানের বাড়িতে জন বারলা। সোমবার।*

দিনের শেষে এটা পরিষ্কার যে, বারলার সঙ্গে এতদিন ধরে থাকা এলাকার অন্য নেতারা তৃণমূলে যোগ দেওয়া নিয়ে কিছু ভাবছেন না। সেকথা তাঁরা পরিষ্কারভাবে জানিয়েও দিয়েছেন। বারলা যদিও বিষয়টিকে বড় করে দেখতে নারাজ। এদিন লক্ষ্মীপাড়া চা বাগানের বাসভবনে বসে তাঁর মন্তব্য, 'যাঁরা এদিন ওখানে ছিলেন, তাঁদের কেউ গ্রাসরুটের নেতা নন। সময় হলেই সবটা পরিষ্কার হয়ে যাবে।'

বিজেপি প্রভাবিত ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়নের (বিটিডব্লিউইউ) কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি পারশনাথ বড়াইকের সঙ্গে বারলার সখ্য ২০০৭ সালে শুরু হওয়া আদিবাসী আন্দোলনের সময় থেকে। এদিন ওই নেতা বললেন, 'জনদা কী করছেন, সেটা তাঁর ব্যক্তিগত সিদ্ধান্ত। তবে আমাদের কেউ এই মুহূর্তে অন্তত বিজেপি ছাড়ার কথা ভাবছি না।' গেরুয়া শিবিরের জলপাইগুড়ি জেলা কমিটির সদস্য সন্তোষ প্রসাদও বারলা-ঘনিষ্ঠ। এদিন তিনিও তিরঙ্গা যাত্রায় স্বতঃস্ফূর্তভাবে অংশ নিয়েছিলেন। আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ মনোজ টিগ্গার দাবি, 'শুধু বানারহাট নয়, ডুয়ার্সের অন্য এলাকাগুলি থেকেও নেতা-কর্মীরা দল ছাড়ছেন না।'

বারলার দলত্যাগের পর শুভেন্দু সহ আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির শীর্ষ নেতাদের উপস্থিতিতে 'অপারেশন সিঁদুর'-কে কুর্নিশ জানিয়ে এদিনের কর্মসূচি যে গেরুয়া নেতৃত্বের শক্তি প্রদর্শন ছিল, এমনটাই ধারণা রাজনৈতিক মহলের। শুভেন্দু অবশ্য বারলাকে নিয়ে এদিন কোনও শব্দ খরচ করেননি। এটাও শুভেন্দুর স্ট্র্যাটেজি বলে মনে করা হচ্ছে।

অন্যদিকে, এর আগে বিভিন্ন সময় শুভেন্দু এবং মনোজ টিগ্গার প্রতি বিষোদ্গার করলেও বারলা নিজেও এদিন চুপ ছিলেন। জানালেন, একসময় নাকি বিজেপির তরফে তাঁকে রাজ্যসভার সাংসদ হওয়ার প্রস্তাবও দেওয়া হয়েছিল। বললেন, 'যারা কোনও কাজ করেনি, তাদের সঙ্গে থাকার কোনও ইচ্ছে ছিল না। তাই ওই প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যান করি। আমার এখন লক্ষ্য একটাই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে সবাইকে একসূত্রে গেঁথে মানুষের উন্নয়ন।' বিভাজন ও ঘৃণার রাজনীতি তাঁর উদ্দেশ্য নয়। অভিযোগ, চা বাগানের অনেক সমস্যা থাকলেও সেদিকে নজর নেই কেন্দ্রীয় সরকারের। বাগানগুলিতে সমস্ত উন্নয়ন রাজ্য সরকারের হাত ধরে হচ্ছে বলে তাঁর দাবি।

যদিও রাজ্যসভার সাংসদ হওয়ার প্রস্তাবের কথা মানতে চাননি মনোজ টিগ্গা। তাঁর কথায়, 'এসব স্রেফ বিভ্রান্তি ছড়ানোর জন্য। দল কাউকে প্রস্তাব দিয়ে নয়, কাজ দেখে পদ দেয়।'

**সঙ্গে নয়**

- বারলা সম্প্রতি বিজেপি ছেড়ে ঘাসফুল শিবিরে নাম লিখিয়েছেন
- গেরুয়া শিবিরে থাকাকালীন বারলার অনুগামী হিসেবে পরিচিতরা অবশ্য তাঁর সঙ্গ দেননি
- সোমবার শুভেন্দুর সঙ্গে তিরঙ্গা যাত্রায় পা মেলাতে দেখা যায় তাঁদের

## রাস্তা, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র উদ্বোধন করবেন মমতা

**বেলাকোবা ও নাগরাকাটা, ১৯ মে :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মঙ্গলবার বেলাকোবা-সাহুডাঙ্গি সড়কের উদ্বোধন করবেন। পূর্ত দপ্তরের (সড়ক) টাকায় রাস্তাটি তৈরি হয়েছে। সেদিনই সরকারি উদ্যোগে তৈরি জলপাইগুড়ি জেলার বেশ কয়েকটি চা বাগানের ক্রেশ ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার ফুলবাড়ির সরকারি কর্মসূচি থেকে তিনি ওই উদ্বোধনগুলি করবেন বলে খবর।

বেলাকোবা-সাহুডাঙ্গি সড়কের কাজের বরাত পাওয়া সংস্থা জলপাইগুড়ির ব্ল্যাক স্ট্রিট ইঞ্জিনিয়ার কোঅপারেটিভ সোসাইটি লিমিটেডের সম্পাদক শুভ্রজিৎ ঘোষ বলেন, 'প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ ও ৭ মিটার চওড়া পিচের রাস্তাটি মোট ১৫ কোটি ৩৮ লক্ষ টাকায় তৈরি হয়েছে। রাস্তাটির একাংশ বিশেষ করে সাহুডাঙ্গি, আমবাড়িতে বাজার এলাকায় চলাচলের সুবিধার্থে পেভার্স ব্লক বসিয়ে ১১ মিটার চওড়া করা হয়েছে। এই রাস্তাটি জলপাইগুড়ি-শিলিগুড়ি যাওয়ার একটি বিকল্প।'

### চালু হওয়ার অপেক্ষায় দশটি ক্রেশ

আগামী তিন বছর রাস্তাটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব তাঁদের সংস্থার বলে তিনি জানান। তৃণমূল কংগ্রেসের শিকারপুর অঞ্চল সভাপতি নারায়ণ বসাকের দাবি, 'এই রাস্তাটির সুবাদে বেলাকোবা, পানিকৌরি, শিকারপুর, মান্তাদারি, বিন্নাগুড়ি অঞ্চলের কয়েক হাজার মানুষের যাতায়াতে সুবিধা হবে।'

টি ডিরেক্টর-এর অন্যতম সদস্য মহুয়া গোপ বলেন, 'সম্প্রতি একটি সরকারি প্রতিনিধিদল নির্মিত ক্রেশ ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি পরিদর্শন করে এসেছে। ধাপে ধাপে বিভিন্ন চা বাগানে ক্রেশ ও স্বাস্থ্যকেন্দ্র তৈরি হবে।'

জলপাইগুড়ি জেলায় এই মুহূর্তে সোনালি, নিদাম, গ্রাসমোড়, মানাবাড়ি, নিউ গ্লেনকো, কুমলাই, চামুর্চি, তেলিপাড়া, রানিচেরা, নয়া সাইলি চা বাগানের নব নির্মিত ক্রেশগুলি চালু হয়ে গিয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের তরফে নির্মাণ শেষে টি ডিরেক্টরকে হস্তান্তর করার পর চালুর অপেক্ষায় রয়েছে দেবপাড়া, রিয়াবাড়ি, পলাশবাড়ি, নিউ ডুয়ার্স, তোতাপাড়া, বড়দিঘি, হলদিবাড়ি, ইনডং, সামসিং, বেতগুড়ি চা বাগানের ক্রেশগুলি। তবে কোনগুলি মুখ্যমন্ত্রী উদ্বোধন করবেন তা জানা যায়নি।

জেলার যে ১৫টি চা বাগানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তার মধ্যে কাজ শেষ হওয়ার পর হস্তান্তর হয়েছে নয়া সাইলি, সোনালি, বাগ্রাকোট, চামুর্চি, রানিচেরা, সরস্বতীপুর, আমবাড়ি, সোনগাছি, নাগেশ্বরী ও পাথরঝোরার মতো ১০টি বাগানের স্বাস্থ্যকেন্দ্র। রেড ব্যাংক, যাদবপুর, বামনডাঙ্গা-টন্ডু, লিস রিভার, বেতগুড়ির মতো বাগানগুলিতে কাজ শেষ হয়নি কিংবা কাজ শুরু হতে চলেছে।



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

*এক বিকেলে।। মূর্তির গাছবাড়িতে ছবিটি তুলেছেন কোচবিহারের মুন্না দে।*

# দুটি পাক্ষিক মজুরি মানাবাড়িতে

**অনুপ সাহা**

**ওদলাবাড়ি, ১৯ মে :** প্রায় দু'মাস স্বেচ্ছা কর্মবিরতির পর মানাবাড়ি চা বাগান স্বাভাবিক ছন্দে ফিরল। সোমবার শ্রমিকদের হাতে বকেয়া দুটি পাক্ষিক মজুরি তুলে দেওয়া হয়। সেইসঙ্গে স্টাফ, সাব-স্টাফদেরও বকেয়া এক মাসের বেতন দেওয়া হয়। মালিকপক্ষ সম্মেলন টি অ্যান্ড বেভারেজেস প্রাইভেট লিমিটেডের তরফে ডিরেক্টর সুরজিৎ বক্সী সোমবার বলেন, 'এদিন শ্রমিকদের দুটি বকেয়া পাক্ষিক মজুরির পাশাপাশি স্টাফ ও সাব-স্টাফদের এক মাসের বেতন দেওয়া হয়েছে। আশা করছি এখন থেকে সবকিছু স্বাভাবিকভাবেই চলবে। বাকি দুটি পাক্ষিক মজুরিও আগামীদিনে মেটানো হবে।'



*কাজে ফিরলেন মানাবাড়ির শ্রমিকরা। সোমবার।*

এবছর মানাবাড়ি চা বাগানে চা পাতা তোলার মরশুম শুরু হওয়ার পর থেকে বকেয়া মেটানোর দাবিতে অচলাবস্থার শুরু হয়। গত ১২ মার্চ শেষবার শ্রমিকরা বকেয়া একপাক্ষিক মজুরি হাতে পান। তখনও আরও দুটি পাক্ষিক মজুরি বকেয়া ছিল। এদিন একসঙ্গে দুটি পাক্ষিক মজুরি হাতে পেয়ে খুশি সকলে। তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের ইউনিট কমিটির সভাপতি রমেশ কুর্মি বলেন, 'মোট চারটি পাক্ষিক বকেয়ার মধ্যে এদিন দুটি দেওয়া হয়েছে। আশা করব বাকি বকেয়া মজুরিও মালিকপক্ষ দ্রুত মিটিয়ে দেবে।'

বকেয়া দুটি পাক্ষিক মজুরি যে এদিন দেওয়া হবে, বাগানের পরিচালন কর্তৃপক্ষ সেই বার্তা আগে শ্রমিকদের জানিয়ে দিয়েছিল। সেইমতো সোমবার শ্রমিকরা হাসিমুখে দলবেঁধে কাজে যোগ দিতে শুরু করেন।

এদিকে, প্রায় দু'মাস মানাবাড়ির শ্রমিকরা চা বাগানের নির্ধারিত কাজ না করার ফলে গাছের নতুন পাতা বড় হয়ে গিয়েছে। পাশাপাশি শ্রমিকদের ঘরে অভাবের চিহ্ন স্পষ্ট হয়ে উঠেছিল। অনেকে একপ্রকার বাধ্য হয়ে অন্য বাগানে বিঘা শ্রমিকের কাজ করতে শুরু করেছিলেন। তবে শেষমেশ এদিন বকেয়া পাওয়ায় বাগানের মহিলা শ্রমিক ডিম্পল মঙ্গর, সুনীতা লোহারদের চোখেমুখে স্বস্তির ছাপ দেখা গেল।

এদিকে, কাকতালীয়ভাবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উত্তরবঙ্গ সফর শুরুর দিন বকেয়া মেটানো নিয়ে মালিকপক্ষের ওপর শাসকদলের রাজনৈতিক ও প্রশাসনিক চাপ রয়েছে বলে বিভিন্ন মহল দাবি করেছিল। কিন্তু সম্মেলন টি অ্যান্ড বেভারেজেস প্রাইভেট লিমিটেড কোম্পানির তরফে ডিরেক্টর সুরজিৎ বক্সী সেই দাবি নস্যাৎ করে দিয়েছেন।

## পাটখেতে জমা জলে ক্ষতির আশঙ্কা

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ১৯ মে :** পাট গাছগুলো এখনও দুই ফুটও লম্বা হয়নি। তবে গত কয়েকদিনের বৃষ্টিতে অপেক্ষাকৃত নীচু জমিগুলোতে জল দাঁড়িয়ে যাওয়ার পরিস্থিতি হয়েছে। সেক্ষেত্রে রাজগঞ্জ ব্লকের চাষিরা আদৌ ফসল ঘরে তুলতে পারবেন কি না তা নিয়ে চিন্তায়। বেশ কিছু জমিতে সামান্য জলও দাঁড়িয়ে গিয়েছে। আর কিছুদিন লাগাতার বৃষ্টি চললে ফসলের ক্ষতি হবে বলে আশঙ্কা তৈরি হয়েছে।

এবছর দু'বিঘা জমিতে তোষা পাট চাষ করেছেন জামাদারগছের কৃষক ভবেশ রায়। চিন্তায় রাতের ঘুম উড়েছে তাঁর। ভবেশের কথায়, 'অন্যান্য বছর ১০ থেকে ১২ মন বিঘা প্রতি পাট ঘরে আসে। এবার বৈশাখ মাসের শুরু থেকে লাগাতার যেভাবে বৃষ্টি হচ্ছে তাতে পরিস্থিতি খুব খারাপ। বৃষ্টির পরিমাণ আরেকটু বেশি হলে জল দাঁড়িয়ে যাবে পাটখেতে। ক্ষতির মুখে পড়তে হবে তখন।' কয়েকজন চাষি তাঁদের প্রায় সব জমিতেই পাট চাষ করছেন। এই পরিস্থিতিতে উৎপাদন খরচ উঠবে কি না তা নিয়ে চিন্তায় পড়েছেন চাষিরা। তাঁরা জানিয়েছেন, বৈশাখ মাসের শুরু থেকে রাজগঞ্জ ব্লকজুড়ে লাগাতার বৃষ্টি হচ্ছে। যেসব জমিতে জল দাঁড়িয়ে গিয়েছে সেখান থেকে জল বের করার ব্যবস্থা করতে হবে। খেতে একটানা এক সপ্তাহ জল দাঁড়িয়ে থাকলে পাট গাছের শিকড় বেরিয়ে আসবে। সেক্ষেত্রে গাছের বৃদ্ধি বাধাপ্রাপ্ত হবে। গিরানগছের নুরুল হক বলেন, 'আগে অনেকটা জমিতে পাট চাষ করতাম। কিন্তু প্রকৃতির খামখেয়ালিপনায় গত কয়েকবছর ধরে পাট চাষ করে ক্ষতির মুখে পড়তে হয়েছে। তাই এবছর মাত্র এক বিঘা জমিতে চাষ করেছি। পাট বোনা থেকে শুরু করে ঘরে তোলা পর্যন্ত ৮ থেকে ১০ হাজার টাকা খরচ। যেভাবে বৃষ্টি হচ্ছে তাতে সেই টাকাটাও উঠবে কি না বুঝতে পারছি না।' এ ব্যাপারে জলপাইগুড়ি জেলা সহ কৃষি অধিকর্তা ডঃ শরৎ সরকার বলেন, 'পর্যাপ্ত রোদ, বৃষ্টি পাট চাষে ভালো। কিন্তু বর্তমান অবস্থায় এক সপ্তাহের বেশি পাটখেতে জল দাঁড়িয়ে থাকলে চাষিরা ক্ষতির মুখে পড়বে।'

## বাইসনের মৃত্যু

**মেটেলি, ১৯ মে :** অবশেষে রবিবার রাতে মাটিয়ালি ব্লকের চিলৌনি চা বাগান থেকে উদ্ধার হওয়া বাইসনটির মৃত্যু হল। বাইসনের হানায় গুরুতর জখম মহিলা বিলাসী লোহারের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসা চলছে।

রবিবার সন্ধ্যায় চিলৌনি চা বাগানে ঢুকে পড়ে বাইসনটি। এরপর সেটিকে ঘুমপাড়ানি গুলি করে কাবু করা হয়। বাইসনটির হানায় জখম হন দুই ব্যক্তি। সুরেশ রাউতিয়া নামে আহত এক ব্যক্তিকে মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে চিকিৎসার পর ছেড়ে দেওয়া হলেও বিলাসীকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়। ওইদিন সন্ধ্যায় বাইসনটিকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় খুনিয়া রেঞ্জে। সেখানেই সেটির মৃত্যু হয়। খুনিয়া স্কোয়াডের রেঞ্জ অফিসার সজলকুমার দে বলেন, 'সোমবার সকালে বাইসনটির ময়নাতদন্ত করা হয়েছে। রিপোর্ট এলে মৃত্যুর কারণ বোঝা যাবে।'



*তখনও চলছে কথা কাটাকাটি। সোমবার সাঁকোয়াঝোরায়।*

# চিকিৎসকের দাদাগিরি

**আব্দুল লতিফ**

**গয়েরকাটা, ১৯ মে :** পশু চিকিৎসকের বিরুদ্ধে দাদাগিরির অভিযোগ উঠল। সোমবার এই ঘটনায় বানারহাট ব্লকের সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েতের অতিরিক্ত ব্লক প্রাণী স্বাস্থ্যকেন্দ্র উত্তপ্ত হয়ে ওঠে। অভিযোগ, ওষুধ চাইতে গেলে দুই গবাদিপশুর মালিককে মারধর করেন ডাঃ অরিন্দম সামন্ত। পাশাপাশি একজনের মোবাইল ফোন ভেঙে ফেলেন। যদিও অভিযোগ অস্বীকার করেছেন অরিন্দম।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, পরিস্থিতি বেগতিক দেখে নিজের দোষ ঢাকতে নাটক সাজান অভিযুক্ত চিকিৎসক। স্বাস্থ্যকেন্দ্রের ভেতরে ঢুকে নিজেই অফিসঘরের চেয়ার, টেবিল উলটে ফেলে দেন তিনি। অভিযোগকারীদের ওপর দোষ চাপানোর চেষ্টা করতে থাকেন। তখন আবার অভিযুক্ত পশু চিকিৎসকের বিরুদ্ধে বিক্ষোভ দেখান এলাকাবাসী।

স্থানীয় প্রদীপ রায় বলেন, 'বাবার সঙ্গে এসে ডাক্তারকে জিজ্ঞেস করেছিলাম বাইরে থেকে কোনও ওষুধ কিনতে হবে কি না। কথা শেষ না হতেই তিনি আমায় ধাক্কা দিয়ে বের করে দিলেন। তিনি পুরোপুরি নেশাগ্রস্ত। তাঁকে এখান থেকে সরানোর ব্যবস্থা করা হোক।' আর এক অভিযোগকারী স্বপন সরকার জানালেন, কোঙ্গানগর কলোনির এক ব্যক্তি কোনও একটি বিষয়ে চিকিৎসককে জিজ্ঞেস করতেই তিনি খেপে যান। স্বপন প্রতিবাদ করলে, তাঁর মোবাইল ফোনটি মাটিতে আছড়ে ভেঙে দেন চিকিৎসক।

এই চিকিৎসকের বিরুদ্ধে আগেও একাধিকবার গবাদিপশুর মালিকদের সঙ্গে দুর্ব্যবহার করার অভিযোগ উঠছিল। স্থানীয়দের দাবি, একাধিকবার অভিযোগ করা সত্ত্বেও তাঁর স্বভাব বদলায়নি। এদিন অরিন্দম মারধরের ঘটনা অস্বীকার করে বলেন, তাঁকেই মারা হয়েছে।

ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসে পঞ্চায়েত সদস্য দীপক সরকার, বানারহাট পঞ্চায়েত সমিতির প্রাণী ও মৎস্য কর্মাধ্যক্ষ জাফর হোসেন সহ পুলিশ প্রশাসন। স্থানীয়দের সঙ্গে কথা বলার পাশাপাশি অভিযুক্ত চিকিৎসকের সঙ্গে কথা বলে তারা। তাদের আশ্বাসে বিক্ষোভকারীরা ফিরে যান। জাফর বলেন, 'ব্লক প্রাণীসম্পদ থেকে ফোন আসায় আমি ঘটনাস্থলে এসেছি। উভয় পক্ষের সঙ্গে কথা বললাম। উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানাব।'

ব্লক প্রাণীসম্পদ আধিকারিক ডাঃ বিপ্লব কর জানিয়েছেন, তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**অভিযোগ**

- নিজের দোষ ঢাকতে নাটক সাজান অভিযুক্ত চিকিৎসক
- প্রতিদিনই নেশাগ্রস্ত অবস্থায় থাকেন ওই চিকিৎসক
- বহুবার সচেতন করা হলেও তাঁর চরিত্রের বদল হয়নি

## মুখ্যমন্ত্রীকে আর্জি জানাতে চান আমতি

**বেলাকোবা, ১৯ মে :** হাতির হানায় রাজেশ ওরাওঁয়ের মৃত্যুর পর এখনও কোনও ক্ষতিপূরণ পাননি স্ত্রী। গত ১৪ মে রাজগঞ্জের মান্তাদারি অঞ্চলের টাকিমারি চর এলাকায় ৪০ বছর বয়সি রাজেশের হাতির হানায় মৃত্যু হয়। রাজেশের বিধবা স্ত্রী আমতি ভগতের অভিযোগ, স্বামীর মৃত্যুর পর বন দপ্তরের কোনও প্রতিনিধি তাঁর সঙ্গে দেখা করতে আসেননি। মেলেনি ক্ষতিপূরণ। ডিএফও রাজা এম বলেছেন, 'ক্ষতিপূরণের বিষয়টি খোঁজ নিয়ে জানাব।'

প্রতিদিনই বৈকুণ্ঠপুর জঙ্গল থেকে হাতির পাল গ্রামে ঢুকে ফসল নষ্ট করছে। গ্রামবাসীরা হাতির হানার আতঙ্কে দিন কাটাচ্ছেন। সদ্য বিধবা আমতি বললেন, 'তিনদিনের সফরে উত্তরবঙ্গে এসেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়ে বঞ্চনার কথা জানাতে পারলে হয়তো সমস্যার সমাধান হত।'

পরিবারের একমাত্র উপার্জনকারী সদস্য ছিলেন রাজেশ। গত ১৩ মে পরিযায়ী শ্রমিক রাজেশ চিকিৎসার জন্য কেরল থেকে বাড়ি ফেরেন। শিলিগুড়ি যাওয়ার পথে হাতির আক্রমণে মৃত্যু হয় তাঁর। আমতির অভিযোগ, স্বামীর মৃত্যুর দিন বন দপ্তর এবং পুলিশ-প্রশাসনের সঙ্গে গ্রামবাসীদের আলোচনার পরে সিদ্ধান্ত হয়, মৃতের পরিবারের সঙ্গে বন দপ্তরের প্রতিনিধি সৌজন্য সাক্ষাৎ করবেন। সেকথা রাখেনি বন দপ্তর। এমনকি রাজেশের অন্ত্যেষ্টিক্রিয়াতেও বন দপ্তরের কোনও সহযোগিতা মেলেনি। গ্রামবাসী দুলাল অধিকারী জানালেন, রোজ হাতির পাল জঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ে ঢুকছে। এলাকার ক্ষয়ক্ষতি করছে। একই অভিযোগ গ্রামবাসী সুজয় দে'রও।

## ত্রাণ বিলি

**ক্রান্তি, ১৯ মে :** তিস্তার জল বাড়ায় ক্রান্তি ব্লকের চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের ৭৫টি পরিবারের সদস্যরা বেশ কিছুদিন ধরে জলবন্দি হয়ে পড়েছেন। ক্রান্তি ব্লক প্রশাসন সোমবার এই পরিবারগুলির হাতে ত্রাণসামগ্রী তুলে দেয়। ক্রান্তির বিডিও রিমিল সোরেন বলেন, 'জলে আটকে পড়া মানুষকে ত্রিপল ও কিছু খাবার দেওয়া হয়েছে।'

## ময়নাগুড়িতে ধিক্কার মিছিল

**ময়নাগুড়ি, ১৯ মে :** কলকাতায় আন্দোলনরত শিক্ষকদের ওপর পুলিশের নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে সোমবার ময়নাগুড়িতে এসএফআই, ডিওয়াইএফআই, এবিটিএ, এবিপিটিএ ও ভারতের গণতান্ত্রিক মহিলা সমিতির পক্ষ থেকে ধিক্কার মিছিল হয়। এরপর শহরের ট্রাফিক মোড়ে একটি পথসভার আয়োজন করা হয়। সভায় রাজ্যের বর্তমান শাসকদলের তীব্র সমালোচনা করা হয়। শিক্ষক নেতা জ্যোতিপ্রকাশ ঘোষ, সুদীপ্ত দাস, জয়দীপ মুখোপাধ্যায় প্রমুখ উপস্থিত ছিলেন।

## ঝাঁটা হাতে ধৃতের ফাঁসির দাবি

**জলপাইগুড়ি, ১৯ মে :** দুই বছরের এক শিশুকন্যাকে চকোলেটের লোভ দেখিয়ে নিয়ে গিয়ে যৌন নিগ্রহের ঘটনায় ধৃতকে রবিবার জলপাইগুড়ি মহিলা থানার তরফে আদালতে পেশ করা হয়। পকসো ধারায় মামলাও রুজু করা হয়েছে। সোমবার অভিযুক্তের ফাঁসির দাবিতে ঝাঁটা হাতে কোতোয়ালি থানার সামনে হাজির হন বাসিন্দারা। ছিলেন নাগরিক সংসদের সদস্যরা। জেলা পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে রাজীব ভবনে সাংবাদিক সম্মেলন করে টাউন ব্লক কংগ্রেস কমিটি। নাগরিক সংসদ ও এলাকাবাসীর তরফে কোতোয়ালি থানার মাধ্যমে জেলা পুলিশ সুপার ও মহিলা থানার আইসিকে স্মারকলিপি দেওয়া হয়।

শনিবার পাড়ার এক বৃদ্ধ চকোলেটের লোভ দেখিয়ে ওই শিশুকন্যা ও দাদাকে নিয়ে যায়। পরে শিশুকন্যাকে যৌন নিগ্রহ করে বলে অভিযোগ। নিরপেক্ষ তদন্ত ও পুলিশি নির্যাতনের বিরুদ্ধে এদিন শিশুটির মা সাত জায়গায় চিঠি দিয়েছেন। চিঠি দিয়েছেন রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, বিরোধী দলনেতা, জাতীয় শিশু সুরক্ষা কমিশন, জাতীয় মহিলা কমিশন, রাজ্য শিশু সুরক্ষা কমিশন ও রাজ্য মহিলা কমিশন।



*ঝাঁটা নিয়ে পথে। জলপাইগুড়ি ডিবিসি রোডে। সোমবার। - শুভঙ্কর চক্রবর্তী*

# ১৫ দিনে মৃত ৩, আতঙ্ক গ্রামে

**অমৃতা চন্দ**

**সিতাই, ১৯ মে :** বাড়িতে যেন মড়ক লেগেছে। ১৫ দিনের ব্যবধানে মৃত্যু হয়েছে বাড়ির তিন সদস্যের। এখনও একজন সদস্য জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন। এক প্রতিবেশীরও চিকিৎসা চলছে। সিতাই-১ ব্লকের ব্রহ্মোত্তরচাতরা গ্রামে এমন ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে। পরীক্ষানিরীক্ষা করেও মৃত্যুর কারণ নির্ণয় করতে পারেনি স্বাস্থ্য দপ্তর। শুধু যে মানুষেরই মৃত্যু হচ্ছে তা নয়, ইতিমধ্যেই ওই বাড়ির তিনটি গোরু ও চারটি ছাগলের মৃত্যু হয়েছে। আতঙ্ক বাড়ছে গ্রামবাসীদের মধ্যে।

প্রায় এক মাস আগে ওই গ্রামে জোনাক বর্মনের বাড়িতে একটি খাসির মৃত্যু হয়। পরিবারের পাঁচ সদস্য এবং প্রতিবেশীরা মিলে খাসিটির মাংস খেয়ে নেয়। পরবর্তীতে ওই বাড়ির তিন সদস্যের পরপর মৃত্যু হয় এবং বাড়ির গবাদিপশুর মৃত্যু হয়। গ্রামের বাসিন্দাদের প্রাথমিক অনুমান, গবাদিপশুর মধ্যে কোনও একটি রোগ ছড়িয়েছে। সেই রোগের ফলেই বাড়ির গবাদিপশুগুলির মৃত্যু হচ্ছে এবং রোগগ্রস্ত খাসির মাংস খাওয়ার ফলেই সদস্যরা মারা যাচ্ছে।

ইতিমধ্যে জেলা স্বাস্থ্য দপ্তর থেকে তিনবার লোক এসে পশুদের স্বাস্থ্য পরীক্ষা করে। যদিও এখনও কোনও নির্দিষ্ট রোগ চিহ্নিত করা যায়নি। এদিকে এলাকাবাসীদের দাবি, প্রশাসন যেন দ্রুত তদন্ত সম্পন্ন করে ও পরিবারটির পাশে দাঁড়ায়।

কোচবিহার জেলা স্বাস্থ্য আধিকারিক হিমাদ্রিকুমার আরি বলেন, 'খবর পাওয়ার পরেই আমরা স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিদল পাঠিয়েছিলাম। পরিবারের সদস্যদের পরীক্ষানিরীক্ষার পাশাপাশি প্রতিবেশীদের পরীক্ষা করা হচ্ছে। কিন্তু এখনও পর্যন্ত ভাইরাসঘটিত কোনও রোগ বা মৃত্যুর কারণ চিহ্নিত করতে পারিনি। আমরা আরও পরীক্ষানিরীক্ষা করব। সেই ব্যবস্থাও করা হচ্ছে। পরিবারটি আমাদের নজরদারিতেই আছে।'

পরিবার সূত্রে জানা যায়, প্রথমে গত ২২ এপ্রিল মারা যান জয়তী বর্মন। এরপর ২৫ এপ্রিল স্বামী জোনাক বর্মনের মৃত্যু হয়। সর্বশেষ ১৪ মে মারা যান তাঁর প্রথম পক্ষের স্ত্রী ক্ষীরবালা বর্মন। মৃত্যুর সময় তিনজনেরই উপসর্গ ছিল জ্বর ও শ্বাসকষ্ট। তাঁদের ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলেও শেষরক্ষা হয়নি। পরিবারে বর্তমানে রয়েছেন জোনাকের দুই সন্তান ২৪ বছরের রাখাল বর্মন ও ১৫ বছরের অর্চনা বর্মন।

এই ঘটনার সপ্তাহ দুয়েক আগে ওই বাড়িতেই জোনাক বর্মন ও তাঁর ভাইয়ের পোষা তিনটি গোরু ও চারটি ছাগল মারা যায়। সোমবার ফের জোনাকের প্রতিবেশীর একটি ছাগলের মৃত্যু হয়েছে, যা নিয়ে নতুন করে উদ্বেগ দেখা দিয়েছে গ্রামে।

স্থানীয় তরুণ কামিনীকান্ত বর্মন বলেন, 'সমস্যা দেখা দিলে আমরা প্রথমে সিতাই ব্লকের স্বাস্থ্যকেন্দ্র, তারপর দিনহাটা মহকুমা হাসপাতাল ও কোচবিহার নিয়ে গিয়েছিলাম। কিন্তু চিকিৎসা চলাকালীনই ওঁরা মারা যান।'

# ১৫০ ওয়াটার এটিএম বসল জেলায়

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ১৯ মে :** জলপাইগুড়ি জেলাজুড়ে বসেছে ওয়াটার এটিএম। বিভিন্ন গ্রামের প্রত্যন্ত এলাকাগুলি বাছাই করে ইতিমধ্যে ১৫০টি ওয়াটার এটিএম বসানো হয়েছে। এর মধ্যে ধূপগুড়ি রেগুলেটেড মার্কেট চত্বরে প্রতিনিয়ত কৃষকদের আনাগোনা লেগেই থাকে। সেখানেও একটি ওয়াটার এটিএম বসানো হয়েছে। জেলা পরিষদ পঞ্চদশ অর্থ কমিশনের টাকায় ওয়াটার এটিএমগুলি বসিয়েছে এবং নতুন করে আরও ৫০টি বসানোর চেষ্টা চালানো হচ্ছে। জলপাইগুড়ির জেলা শাসকের বৈঠকে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর এবং জেলা পরিষদ একত্রিতভাবে সিদ্ধান্ত নেওয়ার পরই ওয়াটার এটিএম বসানোর কাজ শুরু হয়। জেলার প্রতিটি ব্লকে নির্দিষ্ট জায়গা বাছাই করে সেগুলি বসানো হয়েছে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর জানিয়েছে, জেলার অনেক জায়গাতেই জলস্তর বেশ নীচে নেমে গিয়েছে। তাই স্থানীয় মানুষের পানীয় জলের সমস্যা মেটাতে এই বন্দোবস্ত করা হচ্ছে। জলপাইগুড়ি জেলা পরিষদের জেলা বাস্তুকার মঞ্জিলাল মুর্মু এ নিয়ে বলেন, 'পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকায় ওয়াটার এটিএমগুলি বসানো হয়েছে। ইতিমধ্যে ১৫০টি বসানোর কাজ হয়েছে। এরপর আরও ৫০টি ওয়াটার এটিএম বসানো হবে।'





*রেগুলেটেড মার্কেট চত্বরে ওয়াটার এটিএম।*

এর আগে ধূপগুড়ির বাইশচালা সহ এলাকার বিভিন্ন জায়গায় পানীয় জলের সমস্যার কথা জানতে পেরে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের আধিকারিকরা পুরো বিষয়টি নিয়ে খোঁজখবর নিয়েছিলেন। তারপরই ওয়াটার এটিএম বসানোর কথা প্রকাশ্যে আসে। মাগুরমারির এক বাসিন্দা বাবলু রায় বলেন, 'গ্রামে গ্রামে পানীয় জলের একটা সমস্যা রয়েছে। জলস্তর নেমে যাওয়ায় বাড়ির টিউবওয়েলগুলিতেও জল কম ওঠে। পানীয় জলের সংকট তো হচ্ছেই। এর মধ্যে কৃষকদের জন্যে মার্কেট চত্বরে পানীয় জলের বন্দোবস্ত করায় অনেকেই উপকৃত হবেন।' রেগুলেটেড মার্কেট চত্বরের আরেক ব্যবসায়ী বলরাম ঘোষেরও একই বক্তব্য। তাঁর কথায়, 'মার্কেট চত্বরে পানীয় জলের সমস্যা ছিল। সেখানে ওয়াটার এটিএম বসানোর ফলে কৃষক সহ সাধারণ মানুষ অনেকটাই সুবিধা পাবেন।' পাশাপাশি জেলা পরিষদ সূত্রে আরও ৫০টি ওয়াটার এটিএম বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই সেগুলির জন্য জায়গা বাছাই করার প্রক্রিয়া শুরু করা হয়েছে। তারপর ধীরে ধীরে বাকি প্রক্রিয়ার কাজ ধাপে ধাপে হবে।



ময়নাগুড়ি মর্নিং স্টার স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্রী মিহিকা রায়। মিহিকা দ্য পিআই গ্রুপ অফ ম্যাথম্যাটিক্স ট্যালেন্ট সার্চ পরীক্ষায় জলপাইগুড়ি জেলায় তৃতীয় হয়েছে।



### বিপদের আশঙ্কায় শহরবাসী, সমাধানের আশ্বাস চেয়ারপার্সনের

# জরাজীর্ণ ল্যান্ডফোনের পোস্ট

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ মে :** এখন মুঠোফোনের জমানা। ল্যান্ডফোন কেমন দেখতে হয়, এখনকার অনেক শিশু-কিশোরই হয়তো তা বলতে পারবে না। যাঁরা যৌবনে পা রাখছেন তাঁদের কাছেও সেই টেবিলে রাখা ল্যান্ডফোনের ছবি অনেকটা আবছা।

তবে এই ফাইভ-জি'র যুগেও জলপাইগুড়ি শহরের প্রতিটি মোড়, গলিতে এখনও দেখা যায় তার ছেঁড়া, বাঁকা বা জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে ল্যান্ডফোনের তার যাওয়ার পোস্টগুলো। কিছু পোস্ট তো প্রায় হেলে রয়েছে কোনও বাড়ি বা গাছের সাহায্যে। ওই পোস্টগুলো থেকে যে কোনও সময় ঘটতে পারে বড়সড়ো বিপদ।

শান্তিপাড়া কালী মন্দির সংলগ্ন এলাকায় পুলক সেনগুপ্তর দোকানের সামনে রয়েছে অর্ধভগ্ন একটি ল্যান্ডফোনের পোস্ট। তাঁর অভিযোগ, 'প্রায় ৫-৬ বছর ধরে এভাবেই রয়েছে। যদি কোনও কারণে পড়ে যায় তাহলে দোকানের ক্ষতি। আর রাস্তায় পড়লে দুর্ঘটনা ঘটতেও পারে। সরিয়ে ফেলা হলে সকলেরই সুবিধা হয়।'



বাড়ির মাঝখান দিয়ে বিপজ্জনক পোস্ট। শান্তিপাড়ায়। ছবি : শুভঙ্কর চক্রবর্তী

জলপাইগুড়ি পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পাল জানান, বিপজ্জনক খুঁটিগুলো প্রায় রাস্তার পাশে। ইতিমধ্যেই জেলা প্রশাসন বিভিন্ন কেবল অপারেটর এবং টেলিকম সংস্থার সঙ্গে কথা বলে ওভারহেড তার এবং খুঁটি নিয়ে কথা বলেছে। দ্রুত এই বিষয়ে সকলের সঙ্গে আলোচনায় বসা হবে।

মোবাইল ফোনের যুগে ল্যান্ডফোনের পোস্টগুলো কতটা মেইনটেনান্স করা হচ্ছে তা নিয়েও প্রশ্ন তুলছেন শহরবাসী। কেননা বেশিরভাগ জায়গায় পোস্টগুলোর নীচের দিকে অর্ধেক অংশ ভেঙে বিপজ্জনক হয়ে রয়েছে। কোথাও তারের কানেকশনও রয়েছে। কোনও দুর্ঘটনা ঘটলে দায়ভার কে নেবে? শান্তিপাড়া কালী মন্দির, মাসকলাইবাড়ি পঞ্চমুখী হনুমান মন্দির, রায়কত পাড়ার বিশ্ব বাংলা ক্রীড়াঙ্গন সংলগ্ন এলাকা, পানপাড়া সহ বিভিন্ন এলাকায় রয়েছে এধরনের ল্যান্ডফোনের খুঁটি।

> বিপজ্জনক খুঁটিগুলো প্রায় রাস্তার পাশে। ইতিমধ্যেই জেলা প্রশাসন বিভিন্ন কেবল অপারেটর এবং টেলিকম সংস্থার সঙ্গে কথা বলে ওভারহেড তার এবং খুঁটি নিয়ে কথা বলেছে। দ্রুত এই বিষয়ে সকলের সঙ্গে আলোচনায় বসা হবে।
>
> **পাপিয়া পাল**, *চেয়ারপার্সন, জলপাইগুড়ি পুরসভা*

অন্যদিকে, পানপাড়ার বাসিন্দা অমিয় ঘোষ বলছেন, 'শহরের বিভিন্ন জায়গাতে বিপজ্জনকভাবে রয়েছে ফোনের খুঁটি। প্রশাসন যদি এদিকে একটু নজর দেয় তাহলে বেশ ভালো হয়। যেখানে ঝড়ের দাপটে ট্রান্সফরমার মাটি উপড়ে পড়ে যেতে পারে, সেখানে এই খুঁটি তো কিছুই না।'

১৬ নম্বর ওয়ার্ডের অভিনব সরকারের যুক্তি, যুগ যুগ ধরে এই খুঁটি রয়েছে। রোদ-বৃষ্টিতে অনেক পোলই ক্ষয়ে গিয়েছে। যতদিন যাবে তত অবস্থা শোচনীয় হবে। সংশ্লিষ্ট দপ্তর নজর দিলে ভালো হয়।

এই বিষয়ে সরকারি টেলিকম সংস্থার কোনও আধিকারিক কোনও বক্তব্য না দিতে চাইলেও, তাঁদের যুক্তি, কেউ অভিযোগ করলে বিএসএনএল কর্তৃপক্ষ সেগুলো সংস্কার করে দেয়।



আকাশজুড়ে ঘনঘটা। সোমবার জলপাইগুড়ির দোলনা সেতুতে মানসী দেব সরকারের তোলা ছবি।

# হাটে গোরু, বিপাকে ক্রেতা-বিক্রেতারা

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ১৯ মে :** রবিবাসরীয় হাটে গবাদিপশুর উপদ্রবে মালবাজার শহরের বাটাইগোল বাজারের ব্যবসায়ী থেকে ক্রেতারা অতিষ্ঠ। এই হাটে শহর ছাড়াও পার্শ্ববর্তী চা বাগান থেকে বাসিন্দারা কেনাকাটা করতে আসেন। তবে, সেখানে ফল-সবজির দোকানের পাশে শুধু মানুষই নয়, গোরুকেও বিচরণ করতে দেখা যায়। সুযোগ পেলেই সেগুলি ফল-সবজির দোকান থেকে নানা ফল, শাকসবজি খেয়ে নেয়। বাধা দিতে গেলে পালটা তেড়ে আসে। গোরুর গুঁতোয় অনেকে ইতিমধ্যে জখমও হয়েছেন।

রবিবারও এক আদিবাসী মহিলা গোরুর গুঁতোয় জখম হন। তিনি পরিবারের সঙ্গে বাজারে কেনাকাটা করতে এসেছিলেন। পরিবারের সদস্যরা তাঁকে উদ্ধার করে চিকিৎসাকেন্দ্রে নিয়ে যান। উত্তর কলোনির এক মহিলার সঙ্গেও একই ঘটনা ঘটে। তিনি ছাতুর ব্যাগ হাতে বাজার থেকে বাড়ি ফিরছিলেন। একটি গোরু তাঁর পিছুধাওয়া করে ধাক্কা মেরে তাঁকে ফেলে দেয়। তারপর ব্যাগে থাকা ছাতু সটান গলাধঃকরণ! অভিযোগ, মাঝেমধ্যে একই ঘটনার পুনরাবৃত্তি হচ্ছে। এক সবজি বিক্রেতা বললেন, 'গোরুতে বারে বারে হানাদারি চালিয়ে দোকান থেকে সবজি তুলে নিয়ে যায়। ওদের পেট ভরে, আমাদের পকেট সাফ। কর্তৃপক্ষ সব দেখেও উদাসীন।'



হাটের থেকে গোরু তাড়ানোর চেষ্টা। মালবাজারে।

দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জোরালো হয়েছে।

হাট ব্যবসায়ী সমিতির সম্পাদক কমল দত্ত বলেন, 'এই হাটে গোরুর দাপটের কারণে ব্যবসায়ীদের পাশাপাশি ক্রেতারাও সমস্যায় পড়ছেন। সমস্যা মেটাতে পুরসভা উদ্যোগী না হলে এরপর আমরা মহকুমা শাসকের দ্বারস্থ হব।' মাল পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সরিতা গিরি বললেন, 'এই সমস্যার কারণে এর আগেও গোরুর মালিকদের সতর্ক করা হয়েছিল। এরপর বাজারে গোরু দেখা গেলে, সেগুলো আটক করে মালিককে জরিমানা করা হবে।'

এই হাটে যাঁরা কেনাকাটা সারেন তাঁরা অবশ্য প্রশাসনিক আশ্বাসে আশ্বস্ত হতে পারছেন না। স্থানীয় বাসিন্দা শম্পা ভট্টাচার্য বললেন, 'যেভাবে গোরুগুলি হাট চত্বরজুড়ে দাপটের সঙ্গে ঘুরে বেড়ায় আমরা সবসময় প্রমাদ গুনি। যে কোনও সময় বড়সড়ো বিপদ হতে পারে। রীতিমতো প্রাণ হাতে নিয়ে বাজারঘাট সারতে হয়।' ব্যবসায়ীদের সমস্যা মেটানোর লক্ষ্যে মাল মার্চেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কর্তা মোহিতরঞ্জন শিকদার বললেন, 'বিক্রেতারা খুবই সমস্যায় পড়ছেন। হাটে গোরুর দাপট রুখতে দ্রুত ব্যবস্থা নেওয়া প্রয়োজন।'

অনেকেরই অভিযোগ, সমস্যা মেটানোর দাবিতে জেলা পরিষদের কাছে আর্জি জানানো হলেও কাজের কাজ কিছুই হয়নি। জলপাইগুড়ি জেলা পরিষদের ইজারাদার আরমান হোসেনের বক্তব্য, 'সবজি ও ফল ব্যবসায়ীরা আমাদের কাছে এই নিয়ে অভিযোগ করেছেন। আগামী রবিবার হাটে মাইকিং করা হবে। তারপরও হাটে গোরুর উপদ্রব না কমলে জেলা পরিষদ থেকে ব্যবস্থা নেওয়া হবে।'

# বাসস্ট্যান্ডে শৌচালয় না থাকায় দুর্ভোগ

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ মে :** রায়কতপাড়া শনি মন্দির বাসস্ট্যান্ডে তিন বছর ধরে কোনও শৌচালয় নেই। যাত্রীদের পাশাপাশি বাসচালক, কর্মীরা বিপাকে পড়েছেন। পুরুষরা রাস্তার ধারেই প্রকৃতির ডাকে সাড়া দিচ্ছেন। মহিলাদের ৫০০ মিটার দূরের দিনবাজার সংলগ্ন সুলভ শৌচালয়ে ছুটতে হচ্ছে। সকলেই এই সমস্যার সুষ্ঠু সমাধান চাইছেন। আগে জলপাইগুড়ি স্টেশন এলাকায় বাসস্ট্যান্ড ছিল। লকডাউনের পর যানজট নিয়ন্ত্রণ সহ বিভিন্ন কারণে সেটি রায়কতপাড়ায় স্থানান্তর করা হয়। বর্তমানে বিশ্ব বাংলা ক্রীড়াঙ্গনের গেটের উলটো পাশে বানারহাট, মালবাজার, ক্রান্তি, ময়নাগুড়ি, ধূপগুড়ির দিকে যাতায়াতের বেসরকারি বাস সারি দিয়ে দাঁড়িয়ে থাকে। প্রতিদিন ৫০টির মতো প্রাইভেট বাস ওই স্ট্যান্ডে থামে। আশপাশ দিয়ে গেলেই প্রস্রাবের তীব্র ঝাঁঝালো গন্ধে সকলের প্রাণ রীতিমতো ওষ্ঠাগত হওয়ার জো হয়। নাকে রুমাল চাপা দিয়ে এখন চলাচলে সকলেই অভ্যস্ত।

এ বিষয়ে জলপাইগুড়ি পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পাল বলেন, 'আমরা কমিউনিটি টয়লেট বানানোর জন্য জেলা প্রশাসনের কাছে আবেদন করেছি। সেই আবেদন পাশ হয়ে গেলে সাধারণ মানুষের কথা ভেবে ওই এলাকায় আমরা একটি শৌচালয় তৈরির বিষয়ে এগোব।' এজন্য জমি দেখার কাজও শুরু হয়েছে বলে তিনি জানান।'

এদিকে, সমস্যা যাতে দ্রুত মেটানো হয় সেজন্য দাবি জোরালো হয়েছে। ময়নাগুড়ি থেকে জলপাইগুড়িতে আসা কাজে হলে অনেকসময় রোদ, বৃষ্টি মাথায় নিয়ে অতদূর যেতে হয়। কেন যে বাসস্ট্যান্ডে শৌচালয় নির্মাণ করা হয় না কে জানে।'

শনি মন্দির বাসস্ট্যান্ডের টাইম কিপার নরেশ শর্মার দাবি, তিনি বেশ কয়েকবার বিষয়টি পুরসভাকে জানিয়েছিলেন কিন্তু কোনও কাজের কাজ হয়নি। দিনভর প্রসাবের কটু গন্ধে বাসকর্মীরা তিতিবিরক্ত। পুরসভার অপেক্ষায় বসে না থেকে নিজেরা উদ্যোগ নিয়ে একটি অস্থায়ী শৌচালয় বানিয়ে নেবেন বলে ঠিক করেছেন। তবে অস্থায়ী শৌচালয় বানালে তার সাফাই কে করবে, জলের ব্যবস্থা কোথা থেকে হবে ইত্যাদি নানা প্রশ্ন রয়েই যাচ্ছে।



সুলভ শৌচালয়ের অভাব। রায়কতপাড়া-রাজবাড়িপাড়া বাসস্ট্যান্ডে।

সুমিতা রায় যাত্রী প্রতীক্ষালয়ে অপেক্ষা করছিলেন। তাঁর কথায়, 'শৌচালয়ে যেতে হলে কোথায় যাব? দিনবাজারের সুলভ শৌচালয়ে গেলে বাস ছেড়ে চলে যাবে, তখন আরও সমস্যা।' ধূপগুড়ির বাসের জন্য অপেক্ষারত যাত্রী অসীমা পালের সংযোজন, 'শৌচালয়ে যেতে



কংক্রিটের উঁচু অংশে ঘেরা এই ফুটপাথেই অসামাজিক কাজ চলার অভিযোগ। ময়নাগুড়ি রোড উড়ালপুলে।

# উড়ালপুলের ফুটপাথে নেশার আসর

**অভিরূপ দে**

**ময়নাগুড়ি, ১৯ মে :** ময়নাগুড়ি রোড উড়ালপুলে রেলিংঘেরা ফুটপাথের একাংশে সন্ধ্যা নামলেই বসছে নেশার আসর, চলে অসামাজিক কাজ। অনেক সময় উড়ালপুলে মোটরসাইকেল রেখে রেলিং টপকে ফুটপাথের অংশে ঢুকে পড়ছে তরুণ-তরুণীরা। সন্ধ্যা থেকে রাত পর্যন্ত চলে আসর।

স্থানীয় বাসিন্দা অভিজিৎ বিশ্বাসের কথায়, 'উড়ালপুলের একাংশজুড়ে সন্ধ্যার পর অসামাজিক কাজ চলে। অনেক সময় গভীর রাত পর্যন্ত আসর চলতে থাকে।' যদিও বিষয়টি নিয়ে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে পুলিশ। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষের বক্তব্য, উড়ালপুলে কোনও অসামাজিক কাজ চলতে দেওয়া হবে না। মোবাইল পেট্রোলিং ভ্যানের টহল বাড়ানো হবে। নেশার আসর কিংবা অসামাজিক কাজ দেখলেই সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে। ২০২৪ সালের জানুয়ারি মাসে ইস্ট-ওয়েস্ট করিডরের চার লেনের মহাসড়কের ওপর ময়নাগুড়ি রোড এলাকায় তৈরি দুটি উড়ালপুল যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়। তারপর থেকে স্থানীয় বাসিন্দাদের অনেকেই উড়ালপুলের ফুটপাথের অংশে প্রাতর্ভ্রমণ ও সান্ধ্যভ্রমণ করেন। অসামাজিক কাজ ও নেশার আসর বসে সন্ধ্যার ঠিক পরে। অভিযোগ, ময়নাগুড়ি রোড, উল্লারডাবরির তরুণদের একাংশ ছাড়া বাইরে থেকেও তরুণ-তরুণীরা ভিড় করে। মদ্যপানের দেদার আসরের পাশাপাশি চলে অসামাজিক কাজ। অনেক সময় উড়ালপুলের মধ্যেই মদ, বিয়ারের বোতল ফেলে রাখা হয়।

দুটি উড়ালপুলের মাঝামাঝি রেললাইনের অংশে ফুটপাথের রেলিং অনেকটাই উঁচু করে তৈরি। ফলে রাস্তা দিয়ে চলার সময় ওই অংশ পথচারীর আড়ালে থাকে। ওই জায়গাটিতেই সমস্যা সবথেকে বেশি। এই অবস্থায় প্রশাসনের কঠোর ব্যবস্থা নেওয়া উচিত বলে জানান বাসিন্দা উত্তম সরকার।

**অভিযোগ**

- বাসিন্দাদের অনেকেই উড়ালপুলের ফুটপাথের অংশে প্রাতর্ভ্রমণ ও সান্ধ্যভ্রমণ করেন
- সন্ধ্যার ঠিক পরে নেশার আসর ও অসামাজিক কাজ
- ময়নাগুড়ি রোড, উল্লারডাবরির তরুণদের একাংশ ছাড়া বাইরে থেকেও তরুণ-তরুণীরা ভিড় করে
- মদ্যপানের আসরের পাশাপাশি চলে অসামাজিক কাজ

**জরুরি তথ্য**

**ব্লাড ব্যাংক**

(সোমবার রাত ৭টা পর্যন্ত)

**জলপাইগুড়ি মেডিকেল কলেজে ব্লাড ব্যাংক**

| | |
|---|---|
| এ পজিটিভ | ২ |
| বি পজিটিভ | ২ |
| ও পজিটিভ | ৩ |
| এবি পজিটিভ | ১ |
| এ নেগেটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |

**মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতাল ব্লাড ব্যাংক**

**পিআরবিসি**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৪ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ৩ |
| ও পজিটিভ | ৪ |

# চতুর্থবার টেন্ডার গেল এমইডিতে

**ময়নাগুড়ি, ১৯ মে :** এই নিয়ে চতুর্থবার টেন্ডার পাঠানো হল মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার্স ডিপার্টমেন্টে। ময়নাগুড়ি পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের সুভাষনগরপাড়ার ব্যাংকমোড় থেকে সার্ক রোড সংযোগকারী রাস্তার টেন্ডার পাঠানো হয়েছে। অনুমোদন হয়ে এলে পরবর্তী পদক্ষেপ করা হবে।



বেহাল ওই রাস্তা মেরামতের জন্য এক বছরে তিনবার টেন্ডার করে এমইডিতে পাঠানো হয়েছিল। টেকনিকাল ত্রুটি থাকায় তা প্রত্যেকবার বাতিল করা হয়েছে।

ওই ওয়ার্ডের কাউন্সিলার রিনা বিশ্বাস বলেন, 'রাস্তাটির বেহাল অবস্থা। কেন বারবার টেন্ডার বাতিল করা হয়েছে সেটা জানতে আমি জলপাইগুড়ি মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার্স ডিপার্টমেন্টে গিয়ে খোঁজখবর নিয়েছি। তবে আশা করছি এবার টেন্ডারের অনুমোদন মিলবে। তাহলে তাড়াতাড়ি কাজ শুরু করা যাবে।'

চেয়ারম্যান অনন্তদেব অধিকারী বলেন, 'যেসব কাজ কম লাভজনক সেগুলির টেন্ডারে ঠিকাদাররা অংশ নেন না। ফলে অনেক ক্ষেত্রেই টেন্ডার বাতিল করতে হচ্ছে।'

**পাড়ায় পাড়ায়**



**ময়নাগুড়ি**

## তিনটি ওয়ার্ডের সংযোগকারী রাস্তা বেহাল

**ময়নাগুড়ি, ১৯ মে :** রাস্তার বেহাল অবস্থা। উপরের নুড়ি, পাথর ও পিচের প্রলেপ পুরোপুরি উঠে গিয়েছে। কোথাও আবার বড় গর্ত হয়ে জল জমে রয়েছে। এমন অবস্থায় পাড়ার ভেতরে টোটো সহ কোনওরকম যানবাহন যেতে চায় না। ফলে দুর্ভোগ পোহাতে হয় নাগরিকদের। ময়নাগুড়ি পুরসভার ৬, ৭ ও ৮ নম্বর ওয়ার্ডের সংযোগকারী হাসপাতালপাড়ার রাস্তার এমন দশা।

ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালের ঠিক উলটোদিক দিয়ে গিয়েছে ওই রাস্তাটি। বেশ কয়েক বছর আগে রাস্তা তৈরি করা হয়েছিল। তারপর কেটে গিয়েছে অনেক বছর।

মেরামত না করার ফলে বর্তমানে রাস্তার অবস্থা বেহাল। ফলে রাস্তা দিয়ে হেঁটে চলাফেরা করতে খুব অসুবিধা হয় নাগরিকদের।

স্থানীয় বাসিন্দা রতন সরকার বলেন, 'ময়নাগুড়ি পুরসভা হওয়ার চার বছর হতে চলল। তবুও এই রাস্তা মেরামতির কোনও উদ্যোগ নেই কেন তা বুঝতে পারছি না।'

হাসপাতালের উলটোদিকে এই রাস্তা গিয়ে উঠেছে ময়নাগুড়ি বিডিও অফিসে যাওয়ার রাস্তাটিতে। ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রদ্যোত বিশ্বাস ও ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বরুণ ঘোষ জানালেন, ওই রাস্তাটি নিয়ে নাগরিকদের মধ্যে তীব্র ক্ষোভ রয়েছে। বিষয়টি পুরসভায় জানানো হয়েছে। আর্থিক বরাদ্দ মিললে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

*তথ্য : বাণীব্রত চক্রবর্তী।*

## রকেট বাস পরিষেবার দাবি

**মালবাজার, ১৯ মে :** পুনরায় মালবাজার থেকে কলকাতাগামী রকেট বাস পরিষেবা শুরুর দাবি করলেন জলপাইগুড়ি শহরের বেশ কয়েকজন তরুণ। সোমবার তাঁরা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়কে ই-মেলের মাধ্যমে একটি স্মারকলিপি দিলেন। এবিষয়ে পার্থপ্রতিম বলেন, 'আগামীকাল মুখ্যমন্ত্রীর সভা রয়েছে। তারপর এ ব্যাপারে চিন্তাভাবনা করব।'

## স্মরণ

**জলপাইগুড়ি, ১৯ মে :** বাংলা ভাষা রক্ষার জন্য ১১ জন আন্দোলনকারীকে ১৯৬১ সালের ১৯ মে শিলচর স্টেশনের সামনে পুলিশ গুলি করে হত্যা করেছিল। সোমবার তাঁদের স্মরণ করে শ্রদ্ধা জানাতে স্টুডেন্টস হেলথ হোমে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের আয়োজক ছিল অভিমুখ নাট্যগোষ্ঠী। উপস্থিত ছিলেন মণিদীপা নন্দী বিশ্বাস, অশোক গঙ্গোপাধ্যায়, গৌতমেন্দু নন্দী, গৌতম গুহ রায় প্রমুখ।

## রক্তদান শিবির


**জলপাইগুড়ি, ১৯ মে :** পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটির উদ্যোগে সোমবার জলপাইগুড়ি জেলা পুলিশের তরফে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়। পুলিশ লাইনে এই শিবিরটি হয়। এদিন পুলিশকর্মী, সিভিক ভলান্টিয়ারদের পাশাপাশি সাধারণ মানুষও শিবিরে রক্ত দেন। এছাড়া স্বাস্থ্য পরীক্ষাও হয়েছে। ১২৯ ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে।


# ভরা বৃষ্টিতে মাথার উপর সত্যজিৎ

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৯ মে :** টি-শার্টে লেখা সহ বিভিন্ন ছবির গ্রাফিক্সের সঙ্গে আমরা এখন সবাই পরিচিত। এবার প্রায় একই রকম ছবি ধরা পড়ল ছাতাতেও। আর এই ধরনের ছাতা পাওয়া যাচ্ছে জলপাইগুড়ি শহরে, যাতে সত্যজিৎ রায়ের সৃষ্টি থেকে, বিভিন্ন হেরিটেজ ফুটে উঠেছে। এছাড়া রয়েছে ক্যাপসুল, বোতল ও টর্চ ছাতা।

ঠিক কেমন দেখতে এইসব ছাতা? বিক্রেতাদের সঙ্গে কথা বলে জানা গেল, ছাতার মধ্যে যেমন সত্যজিতের ফেলুদা, গুপি গাইন বাঘা বাইন, পথের পাঁচালীর ছবি সহ নাম লেখা রয়েছে, তেমনই রয়েছে সত্যজিৎ রায়ের ছবিও। এখানেই শেষ নয়। ছাতার হাতলে রয়েছে সুন্দর নকশা। ওজনেও বেশ ভারী। তবে এ ধরনের ছাতার দাম ৬ হাজার টাকা, যা শুনে অনেকেই পিছিয়ে যাচ্ছেন। শুধু যাঁদের ছাতার প্রতি ফ্যান্টাসি ও সত্যজিতের প্রতি ভালোবাসা রয়েছে তাঁরাই শুধুমাত্র এধরনের ছাতা কিনছেন।





ছাতায় সত্যজিৎ রায় এবং তাঁর সৃষ্টি। জলপাইগুড়ির একটি দোকানে।

অন্যদিকে, কলকাতা হেরিটেজ ছাতার চাহিদা বেশ ভালো। এই ছাতার দাম শুরু ৭৫০ টাকা থেকে। সাদা কাপড়ের উপর কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল থেকে হাওড়া ব্রিজ, বিশ্ব বাংলা গেট প্রভৃতি আঁকা রয়েছে। ক্রেতা সুস্মিতা পালের কথায়, 'সত্যজিৎ রায় ছাতার দাম বেশি। তবে হেরিটেজ ছাতার মধ্যে গ্ল্যামার রয়েছে। দাম সাধ্যের মধ্যে। আগের বছর এসি, ফ্যান ছাতা দেখেছিলাম। তবে, এবার সব ছাতা বেশ ইউনিক।'

ক্যাপসুল কিংবা বোতল ছাতা দেখতে হুবহু ক্যাপসুল ও বোতলের মতো। আর টর্চ ছাতার হাতলেই লাইট লাগানো রয়েছে। দুটি ব্যাটারি ভরলেই অন্ধকার রাস্তায় কিংবা হঠাৎ লোডশেডিংয়ে কোনও সমস্যা নেই। তাছাড়া এই ধরনের ছাতা সাইজ অনুযায়ী ব্যবহারে অনেকটাই সুবিধা রয়েছে বলে দাবি বিক্রেতাদের।

নতুন ধরনের ছাতা বাজারে আসতেই বিক্রি বেশ বেড়েছে বলে দাবি বিক্রেতা শশাঙ্কশেখর পালের। তাঁর কথায়, 'সাধারণ ছাতার পাশাপাশি এই ছাতাগুলো বেশ চলছে। যদিও দাম বেশি হওয়ায় সত্যজিৎ রায়ের ছাতা বেশি আনিনি। তবে বাকি ছাতার দাম সাধ্যের মধ্যে।' তিনি জানান, ক্যাপসুল ছাতা ৩৫০-১১০০, বোতল ছাতা ২৬০-৪০০, টর্চ ছাতা ১০৯৫ এবং কলকাতা হেরিটেজ ছাতার দাম ৭৫০ টাকা। আবহাওয়ার খামখেয়ালিপনায় কখনও প্রখর রোদ, তো কখনও বৃষ্টি। আগামী দিনে আবহাওয়া কেমন হবে এই চিন্তা করে কমবেশি সকলেই কিনছেন এই ধরনের ছাতা। তবে মহিলাদের জন্য ইসি টু হ্যান্ডেলের ছাতাগুলোর বেশ চাহিদা রয়েছে বলেও দাবি ক্রেতা-বিক্রেতা উভয়েরই।

